

মুখবন্ধ

আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তির উৎকর্ষতার এই যুগে ওয়ালটন এয়ারকন্ডিশনার বেছে নেয়ার জন্য আন্তরিক অভিনন্দন। আপনার দৈনন্দিন জীবনে এটি আপনার প্রয়োজনীয় শীতলতা এবং প্রশান্তি নিশ্চিত করবে। আমরা আন্তরিকতার সাথে জানাচ্ছি যে, বিশ্বের সর্বাধুনিক প্রযুক্তি, যন্ত্রপাতি ও কাঁচামাল ওয়ালটন এয়ারকন্ডিশনার তৈরিতে ব্যবহার করা হয়। আপনি জেনে আনন্দিত হবেন যে, এর কিছু বিশেষ বৈশিষ্ট্য হচ্ছে নির্ভরযোগ্য কার্যকারিতা, আকর্ষণীয় ডিজাইনের রুচিশীল বিভিন্ন মডেলের এয়ারকন্ডিশনার। Walton Hi-Tech Industries PLC. সব সময় নিশ্চিত করে পরিবেশবান্ধব, কম শব্দ, বিদ্যুৎ সাশ্রয়ী এবং উচ্চ ক্ষমতাসম্পন্ন নিরাপদ এয়ারকন্ডিশনার। এই ব্যবহারবিধির মাধ্যমে আপনি জানতে পারবেন এয়ারকন্ডিশনার ব্যবহারের প্রয়োজনীয় নিয়মাবলি ও নির্দেশনা এবং রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয় সঠিক দিক নির্দেশনা। তাই এয়ারকন্ডিশনার ব্যবহারের পূর্বে বইটি যত্নসহকারে পড়ার জন্য অনুরোধ জানাচ্ছি। সঠিক ব্যবহার ও রক্ষণাবেক্ষণের দ্বারা আপনি পাবেন এয়ারকন্ডিশনারের সবচেয়ে ভালো কার্যকারিতা, নিশ্চিত করবে যন্ত্রাংশের দীর্ঘস্থায়িত্ব। এই ব্যবহারবিধিটিতে সর্বাধুনিক প্রযুক্তিগত তথ্য এবং নিরাপত্তা নির্দেশনা আছে। তাই এটিকে এয়ারকন্ডিশনারের অবিচ্ছেদ্য অংশ হিসেবে বিবেচনা করুন। কর্তৃপক্ষ এই ব্যবহারবিধিটির সর্বস্বত্ব সম্পূর্ণরূপে সংরক্ষণ করেন। কর্তৃপক্ষের লিখিত অনুমতি ছাড়া এই ব্যবহারবিধিটি কোনোরূপ পুনর্মুদ্রণ বা প্রতিলিপি করা সম্পূর্ণরূপে আইনত দণ্ডনীয় অপরাধ। পূর্বের কোনো বিজ্ঞপ্তি ছাড়াই কর্তৃপক্ষ বইটির তথ্য পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

তৃতীয় সংস্করণ
প্রকাশনার তারিখ: ২২-০৩-২০২২

WALTON

সূচিপত্র

০১. মডেলসমূহ	০১
০২. নিরাপত্তার জন্য পূর্ব নির্দেশনা	০২
০৩. ভালো কার্যক্ষমতা ও বিদ্যুৎ সাশ্রয় এর জন্য করণীয়	০৫
০৪. যন্ত্রাংশ চিহ্নিতকরণ	০৬
০৫. ইনডোর এবং আউটডোর ইউনিটের সংযোজন	০৭
০৬. ইনডোর ইউনিট স্থাপন	০৯
০৭. ড্রেইন হোজ পাইপ স্থাপন	১৫
০৮. পাইপের সংযোগ	১৬
০৯. আউটডোর ইউনিট স্থাপন	১৭
১০. বিদ্যুৎ সংযোগ	১৯
১১. ইনস্টলেশন	২০
১২. রিমোটের কার্যপদ্ধতি	২১
১৩. পরিষ্কারকরণ এবং সাবধানতা	২৭
১৪. নিম্নোক্ত বিষয়গুলো ক্রটি নয়	২৯
১৫. মেরামতের পূর্বে করণীয়	৩০
১৬. নিষ্পত্তি	৩৩

মডেলসমূহ

ক্যাসেট টাইপ এয়ারকন্ডিশনার

WCN-HexaComb 30G	WCN-HexaComb 36G	WCN-HexaComb 42D	WCN-HexaComb 48D
WCN-HexaComb 54E	WCN-HexaComb 60E	WCI-HexaComb 36D	WCI-HexaComb 42Z
WCI-HexaComb 48Z	WCN-HexaCare 30G	WCN-HexaCare 36G	WCN-HexaCare 42D
WCN-HexaCare 48D	WCN-HexaCare 54E	WCN-HexaCare 60E	WCI-HexaCare 36D
WCI-HexaCare 42Z	WCI-HexaCare 48Z		

নিরাপত্তার জন্য পূর্ব নির্দেশনা

এয়ারকন্ডিশনার ব্যবহারের পূর্বে ‘নিরাপত্তার জন্য পূর্ব নির্দেশনা’ পড়ুন এবং সঠিকভাবে ব্যবহার করুন। যেহেতু এখানে দেখানো নির্দেশনা নিরাপত্তার জন্য জরুরি, তাই এটা পালনের ব্যাপারে নিশ্চিত হোন।

- ভেজা হাত অথবা অন্য কোনো ভেজা মাধ্যম দিয়ে সুইচ অথবা ইলেকট্রিক কানেকশন ধরবেন না, এতে ইলেকট্রিক শক ঘটতে পারে।



- কোনো অস্বাভাবিক ঘটনা যেমন: পোড়াগন্ধ, ধোঁয়া, বিকট শব্দ শুনলে এয়ারকন্ডিশনার তৎক্ষণাৎ বন্ধ করুন, পাওয়ার প্লাগ খুলে ফেলুন অথবা সার্কিট ব্রেকার অফ করুন।



- এয়ার আউটলেটের ভেতর দিয়ে কখনোই হাত বা অন্য কিছু প্রবেশ করাবেন না। ভেতরের এবং বাহিরের উভয় সেটই উচ্চ গতির ফ্যান দ্বারা সজ্জিত। ঘূর্ণনরত ফ্যানে হাত লাগলে আপনি আহত হতে পারেন।



- এয়ারকন্ডিশনিং ছাড়া অন্য কোনো উদ্দেশ্যে এয়ারকন্ডিশনার ব্যবহার করা যাবে না। যেমন: খাদ্য সংরক্ষণ, গৃহপালিত পশু ও গাছ রক্ষণাবেক্ষণ। অন্যথায় এদের গুণমান নষ্ট হতে পারে।



নিরাপত্তার জন্য পূর্ব নির্দেশনা

৫. আউটডোর ইউনিটের ফ্রন্ট নেটটি খুলবেন না। উন্মুক্ত ফ্যান হতাহতের কারণ হতে পারে।



৬. দীর্ঘ সময়ের জন্য এয়ারকন্ডিশনারটি বন্ধ থাকলে চালু করার পূর্বে অথবা বছরে অন্তত একবার এয়ারকন্ডিশনার বেসটি ক্ষতিগ্রস্ত হয়েছে কি না পরীক্ষা করুন। ক্ষতিগ্রস্ত বেসটি মেরামত না করলে ইউনিটটি পড়ে যেতে পারে এবং দুর্ঘটনা ঘটতে পারে।



৭. আউটডোর ইউনিটের উপর বসা যাবে না বা কোনো জিনিসপত্র রাখা যাবে না। এতে দুর্ঘটনা ঘটতে পারে।




৮. এসিতে কোনো কীটনাশক বা দাহ্য পদার্থ স্প্রে করবেন না। এতে আগুন লাগতে পারে অথবা প্যানেলের বিকৃতি ঘটতে পারে।



নিরাপত্তার জন্য পূর্ব নির্দেশনা

৯. দাহ্য গ্যাস লিক হতে পারে এমন জায়গায় এয়ারকন্ডিশনার স্থাপন করবেন না। যদি গ্যাস লিক হয়ে এসির চারপাশে জমা হয় তবে বিস্ফোরণ ঘটতে পারে।



□ স্বাভাবিক কুলিং বা হিটিং না পেলে এসিটি বন্ধ রাখুন এবং সার্ভিস সেন্টারে যোগাযোগ করুন। অস্বাভাবিক অবস্থায় যদি এসি চালিয়ে রাখা হয় তবে কম্প্রসার অতিরিক্ত গরম হয়ে আগুনের সূত্রপাত ঘটতে পারে। তাছাড়া এটি রেফ্রিজারেন্ট লিকেজ-এর একটি লক্ষণ এবং রুমে অতিরিক্ত রেফ্রিজারেন্ট থাকলে আগুনের সংস্পর্শে এলে বিস্ফোরণ ঘটতে পারে। তাই রুমের দরজা ও জানালা খোলা রাখুন এবং রুমে পর্যাপ্ত বাতাস প্রবেশ করতে দিন।

□ কোনো যান্ত্রিক ত্রুটি দেখা দিলে প্রস্তুতকারকের সাহায্য নিন অথবা এর Service Agent অথবা অন্য কোনো দক্ষ লোকের সাহায্য নিন। এই যন্ত্রটি কোনো কম শারীরিক, মানসিক ক্ষমতাসম্পন্ন ব্যক্তি (শিশুসহ) অথবা যন্ত্রটি সম্পর্কে জ্ঞান বা অভিজ্ঞতা নেই এমন কেউ ব্যবহার করবেন না অথবা তাদের নিরাপত্তা সম্পর্কে দায়িত্বশীল কোনো ব্যক্তির তত্ত্বাবধানে এটি ব্যবহার করুন।

ভালো কার্যক্ষমতা ও বিদ্যুৎ সাশ্রয় এর জন্য করণীয়

রুমকে অতিরিক্ত ঠান্ডা করবেন না। এটা আপনার স্বাস্থ্যের জন্য ক্ষতির কারণ হতে পারে। ASHRAE-এর নিয়ম অনুযায়ী রুমের তাপমাত্রা সর্বদা 25°C সেট করুন যা আপনার স্বাস্থ্যের জন্য ভালো।

১. এয়ারকন্ডিশনারটি স্লিপ মুডে চালান

বিদ্যুৎ সাশ্রয়ের জন্য রাতের বেলা রুম কুলিং-এর জন্য এয়ারকন্ডিশনারটি স্লিপ মুডে চালান।

২. পর্দা ব্যবহার করুন

এয়ারকন্ডিশনারটি ব্যবহারের সময় সূর্য বা অন্যান্য উৎস থেকে যেন ঘরের ভেতরে সরাসরি তাপ প্রবেশ না করে এমন ব্যবস্থা গ্রহণ করুন। যেমন: জানালায় পর্দা ব্যবহার করুন।

৩. আউটডোর স্থাপনের জায়গা

আউটডোর ইউনিটটি গাছ বেষ্টিত অথবা সূর্যের আলো পড়ে না এমন জায়গায় স্থাপন করলে এটি বিদ্যুৎ সাশ্রয়ী হবে।

৪. ফার্নিচার বা অন্যান্য জিনিসপত্র বায়ু প্রবাহের পথে না রাখা

রুমের ফার্নিচার বা অন্যান্য জিনিসপত্র সরাসরি বায়ু প্রবাহের পথে না রেখে সরিয়ে রাখলে বিদ্যুৎ সাশ্রয় হবে।

৫. অপ্রয়োজনীয় বৈদ্যুতিক বাস্ব বন্ধ রাখা


প্রতিটি বৈদ্যুতিক বাস্ব রুমের ভেতর তাপ সঞ্চালন করে। কাজিফত কক্ষ তাপমাত্রা প্রাপ্তিতে এই তাপ অতিক্রম করতে এয়ারকন্ডিশনারটিকে বিদ্যুৎ ব্যয় করতে হয়। সুতরাং অপ্রয়োজনীয় বৈদ্যুতিক বাস্ব বন্ধ রাখুন।

৬. ফ্যান স্পিড নিয়ন্ত্রণ


বিদ্যুৎ সাশ্রয়ের জন্য আরামদায়ক কক্ষ তাপমাত্রা বজায় রেখে ফ্যান স্পিড যথাসম্ভব কমিয়ে রাখুন।

যন্ত্রাংশ চিহ্নিতকরণ

ইনডোর ইউনিট



আউটডোর ইউনিট




ইনডোর এবং আউটডোর ইউনিটের সংযোজন

ইনডোর ইউনিট স্থাপনের স্থান নির্বাচন

নিম্নোক্ত শর্তগুলো পূরণ করে ইনডোর ইউনিট স্থাপনের জায়গা নির্বাচন করুন এবং অবশ্যই ব্যবহারকারীর সম্মতি নিয়ে নিন।


- পর্যাপ্ত বাতাস চলাচল করে এমন জায়গা।
- বাতাস প্রবাহে বাধা সৃষ্টি করে না এমন জায়গা।
- যেখানে পানি নিষ্কাশন ব্যবস্থা ভালো হবে।
- দরজার কাছে ইউনিটটি স্থাপন করবেন না।
- সিলিং বাঁকা হয়ে নেই এমন জায়গা।
- ইনডোর ইউনিটের জন্য এমন স্থান নির্বাচন করুন যাতে রক্ষণাবেক্ষণের জন্য পর্যাপ্ত জায়গা থাকে।
- ইনডোর ইউনিটটি স্থাপনের জায়গা, ইউনিটের ওজন ধরে রাখার মতো যথেষ্ট দৃঢ় কি না পরীক্ষা করে নিন। যদি জায়গাটি নিরাপদ না হয় তবে যথাযথ ব্যবস্থা নিন।
- ইনডোর ও আউটডোর ইউনিট, পাওয়ার ক্যাবল, ইউনিটের ভেতরের ক্যাবল যাতে টেলিভিশন, রেডিও থেকে কমপক্ষে ১ মিটার দূরে থাকে।
- ইউনিট হতে চতুর্দিকে চিত্রে প্রদর্শিত দূরত্ব নিশ্চিত করুন।



ইনডোর এবং আউটডোর ইউনিটের সংযোজন

আউটডোর ইউনিট স্থাপনের স্থান নির্বাচন

- পর্যাপ্ত বাতাস চলাচল করে এমন জায়গা।
- তাপ উৎস থেকে আসা বিকিরিত তাপ মুক্ত জায়গা।
- যেখানে নিষ্কাশিত পানি সহজে নির্গমন হতে পারে।
- যেখানে শব্দ এবং গরম বাতাস প্রতিবেশীদের সমস্যা করে না।
- যেখানে এয়ার ইনলেট এবং এয়ার আউটলেটে কোনো প্রতিবন্ধক নেই।
- চারদিক আবদ্ধ জায়গা ইনস্টলেশনের জন্য উপযুক্ত নয়। ইউনিটের জন্য মাথার উপরে ১ মিটার বা তার বেশি জায়গা প্রয়োজন।
- যেখানে শর্ট সার্কিটের সম্ভাবনা আছে সেখানে গাইড লিভার স্থাপন করুন। ওয়াল, সিলিং বা অন্য কোনো প্রতিবন্ধক থেকে চিত্রে তীর চিহ্ন দ্বারা নির্দেশিত দূরত্ব নিশ্চিত করুন।



নোট:


রেস্তোরাঁ এবং রান্নাঘরের মতো জায়গায়, উল্লেখযোগ্য পরিমাণে তেল বাষ্প এবং ময়দা বা এ জাতীয় গুঁড়া, ইউনিটের ফ্যান, হিট এক্সচেঞ্জারের ফিন এবং ড্রেইন পাম্পে লাগতে পারে, যা ইউনিটের তাপ আদান-প্রদান, পানি পড়া, ড্রেইন পাম্পে ত্রুটি ইত্যাদি ঘটায়। এসব ক্ষেত্রে নিচের পদক্ষেপগুলো গ্রহণ করুন-

- রান্নার টেবিলের উপরের ধোঁয়া সংগ্রহের ভেন্টিলেশন ফ্যানের ক্যাপাসিটির ব্যাপারে নিশ্চিত হোন যাতে এটা তেলের বাষ্প টেনে নেয় এবং এয়ারকন্ডিশনারের সাকশনে না যায়।
- রান্না ঘর থেকে এয়ারকন্ডিশনার বসানোর স্থান যথেষ্ট দূরত্বে রাখুন যেখান থেকে এটি তেলের বাষ্প শোষণ করবে না।
- যেসকল কারখানার কাটিং ওয়েলের ধোঁয়া অথবা লোহার গুঁড়া থাকে সেসকল ক্ষেত্রে এয়ারকন্ডিশনার বসানো থেকে বিরত থাকুন।
- যেখানে দাহ্য গ্যাস সৃষ্টি, পরিবাহিত, জমা বা নির্গত হয় সেসকল স্থানে এয়ারকন্ডিশনার বসানো থেকে বিরত থাকুন।
- যেখানে সালফিউরাস এসিড গ্যাস বা ক্ষয়কারক গ্যাস তৈরি হয় সেসকল স্থানে এয়ারকন্ডিশনার বসানো থেকে বিরত থাকুন।
- উচ্চ ফ্রিকোয়েন্সি জেনারেটরের কাছে এয়ারকন্ডিশনার বসানো থেকে বিরত থাকুন।

ইনডোর ইউনিট স্থাপন

পাইপিং এর সংযোগ

Ø ৭০ মিলিমিটার ড্রিল ব্যবহার করে আউটডোর সাইটের দিকে সামান্য কাত করে ওয়ালে পাইপ এর জন্য ছিদ্র করতে হবে।



পাইপিং এর প্রস্তুতি

- সরবরাহকৃত পাইপ সেট অথবা স্থানীয়ভাবে ক্রয়কৃত পাইপ ব্যবহার করুন।
- ইনডোর এবং আউটডোর ইউনিটের মধ্যবর্তী দূরত্ব পরিমাপ করুন।
- পরিমাপকৃত দূরত্বের চেয়ে ১.৫ মিটার বেশি দূরত্বে পাইপ কাটুন।

Burrs অপসারণ

- পাইপ/টিউবের কাটা ক্রস সেকশন থেকে সব Burrs সম্পূর্ণরূপে অপসারণ করুন।
- Burrs-টিউবের মধ্যে পড়া এড়াতে Burrs-অপসারণের সময় কপার টিউব/পাইপের শেষ প্রান্ত নিচের দিকে রাখুন।

ইনডোর ইউনিট স্থাপন

ফ্লোরিং কাজ


- আউটডোর এবং ইনডোর ইউনিটের সাথে সংযুক্ত ফ্লোরিং নাটগুলো সম্পূর্ণভাবে Burrs অপসারণ করা পাইপ/টিউবে যুক্ত করুন।
- R-410a-এর জন্য নিচে দেখানো ফ্লোরিং টুল ব্যবহার করে ফ্লোরিং কাজ সম্পূর্ণ করুন।

বাইরের ব্যাস		A
মিলিমিটার	ইঞ্চি	মিলিমিটার
Ø 9.52	3/8	0~0.5
Ø 12.00	1/2	0~0.5
Ø 15.88	5/8	0~1.0
Ø 19.00	3/4	0~1.0

- উপরের টেবিলে উল্লিখিত পরিমাপ অনুযায়ী বারের (ডাই) মধ্যে কপার টিউব দৃঢ়ভাবে ধরুন।

নোট:


- পাশের চিত্রের সাথে ফ্লোরিং করা কাজটি তুলনা করুন।
- যদি ফ্লোরিংটি ক্রটিপূর্ণ হয়, ফ্লোরিং করা অংশটি কেটে ফেলুন এবং আবার ফ্লোরিং করুন।
- ইন্সুলেশন ম্যাটেরিয়াল দিয়ে ইনডোর ইউনিটের সংযুক্ত অংশগুলো মুড়িয়ে দিন এবং দুটি প্লাস্টিক ব্যান্ড দিয়ে আটকিয়ে দিন।



ইনডোর ইউনিট স্থাপন

ফ্রন্ট প্যানেল বসানো

১. প্রথমে ফ্রন্ট প্যানেল থেকে ফ্রন্ট নেট, ফ্রন্ট নেট বেজ এবং এয়ার ফিল্টার নেট খুলে নিন। ফ্রন্ট নেট বেজটি ৮টি স্ক্রু দ্বারা লাগানো আছে। ইনডোর ইউনিটের ডিসপ্লেট ফ্রন্ট নেটের সাথে সংযুক্ত আছে, ডিসপ্লেট না খুলে ডিসপ্লে এর সাথে সংযুক্ত ক্যাবল কানেক্টরটি খুলুন।
২. ফ্রন্ট প্যানেলের চারকোণে ৪টি ক্লাম্প সংযুক্ত আছে, ক্লাম্প ৪টি ইনডোর ইউনিটের উপরের অংশের সাথে সংযুক্ত ৪টি হ্যাঙ্গারে ঝুলিয়ে নিন।
৩. ওয়ারিং ডায়াগ্রাম অনুযায়ী সঠিকভাবে ইলেকট্রিক্যাল ওয়ারিং সম্পন্ন করুন।




১৩


ইনডোর ইউনিট স্থাপন

ফ্রন্ট প্যানেল বসানো

৪. ফ্রন্ট প্যানেলের চারকোণার ক্লাম্পের স্ক্রু ৪টি টাইট দিন যাতে ফ্রন্ট প্যানেলটি ইনডোর ইউনিটের উপরের অংশের সাথে মিলে যায়। ঠান্ডা বাতাস লিকেজের কারণে পানির ফোটা পড়ে। সুতরাং ঠান্ডা বাতাস যেন লিক না হয় সেদিকে লক্ষ্য রাখুন।




৫. ফ্রন্ট নেট বেজের এক পাশে ফ্রন্ট নেট ঝুলানোর জন্য ৪টি ছিদ্র আছে, ফ্রন্ট নেট বেজটি এমনভাবে বসান যেন এই পাশটি ফ্রন্ট প্যানেলের তীর চিহ্নিত পাশে থাকে। এরপর ৮টি স্ক্রু লাগিয়ে দিন।
৬. ফ্রন্ট নেটটি ঝুলিয়ে নিয়ে ডিসপ্লেট ক্যাবল কানেক্টরটি সংযুক্ত করুন। এরপর ফ্রন্ট নেটটি লাগিয়ে দিন।



ড্রেইন হোজ পাইপ স্থাপন


১. ড্রেইন পাইপ অবশ্যই নিচের দিকে ঢালু থাকবে (১/৫০ থেকে ১/১০০)। বিপরীত প্রবাহ প্রতিরোধ করার জন্য উপর-নিচ ঢাল না দেয়ার ব্যাপারে নিশ্চিত হোন।
২. ড্রেইন পাইপ সংযোগের সময়, ইনডোর ইউনিটের ড্রেইন পোর্টে অতিরিক্ত বল প্রয়োগ না করার ব্যাপারে সতর্ক থাকুন।
৩. ইনডোর ইউনিটের সাথে ড্রেইন সংযোগের বাইরের ব্যাস ১ ইঞ্চি।
৪. ড্রেইন আউটলেটের শেষ প্রান্ত মাটি থেকে নির্দিষ্ট দূরত্বে রাখতে হবে। বাতাসে দোলা এড়াতে এটি পানিতে ডোবাবেন না, এটিকে উপযুক্ত উপকরণ দ্বারা দেয়ালে সংযুক্ত করুন।



ড্রেইন টেস্ট

এয়ারকন্ডিশনার পানি নিষ্কাশনের জন্য ড্রেইন পাম্প ব্যবহার করে। ড্রেইন অপারেশন টেস্ট করার জন্য নিম্নোক্ত পদ্ধতি ব্যবহার করুনঃ

১. প্রধান ড্রেইন পাইপ বাইরের সাথে সংযুক্ত করুন এবং টেস্ট শেষ না হওয়া পর্যন্ত আপাতত ছেড়ে রাখুন।
২. ড্রেইন হোজে পানি প্রবেশ করান এবং পাইপে ফুটা আছে কিনা পরীক্ষা করুন।
৩. ইলেকট্রিক্যাল ওয়ারিং শেষ হলে স্বাভাবিক অপারেশন এবং শব্দের জন্য ড্রেইন পাম্প পরীক্ষা করুন।
৪. টেস্ট শেষ হলে, ইনডোর ইউনিটের ড্রেইন পোর্টে ড্রেইন হোজ সংযুক্ত করুন। ড্রেইন পাইপের উপর হিট ইন্সুলেশন প্রয়োগ করার ব্যাপারে নিশ্চিত হয়ে নিন।




পাইপের সংযোগ

নিচের চিত্র এবং টেবিল অনুসারে পাইপিং-এর দৈর্ঘ্য, উচ্চতা এবং রেফ্রিজারেন্টের পরিমাণ নির্ধারণ করুন।


ক্যাপাসিটি	পাইপের মাপ		দৈর্ঘ্য (মিটার)		অতিরিক্ত রেফ্রিজারেন্ট (গ্রাম/মিটার)
	গ্যাস	লিকুইড	রেটেড	সর্বোচ্চ	
30k BTU/h	15.88	9.52	6	20	25
36k BTU/h	15.88	9.52	6	20	25
42k BTU/h	15.88	9.52	6	20	25
48k BTU/h	15.88	9.52	6	20	25
54k BTU/h	19.00	9.52	6	20	25
60k BTU/h	19.00	9.52	6	20	25

- হিসাবকৃত পারফরমেন্স ৬ মিটার রেফ্রিজারেন্ট লাইনের জন্য। যদি 10 মিটার দূরত্বে স্থাপন করা হয় তাহলে (10 - 6) x 25 গ্রাম রেফ্রিজারেন্ট অতিরিক্ত যোগ করতে হবে।



আউটডোর ইউনিট স্থাপন

১. নির্ধারিত স্থানে আউটডোর ইউনিটটি বসিয়ে নিন। প্রয়োজনে ৪টি বোল্ট/স্ক্রু দিয়ে আউটডোর ইউনিটের ফুট দুটি উপযুক্ত কাঠামোর সাথে সংযুক্ত করুন।
২. ইলেকট্রিক্যাল কন্ট্রোল বক্স কভার খুলে প্রদত্ত ওয়ারিং স্টিকার অনুসারে ইলেকট্রিক্যাল ওয়ারিং সম্পন্ন করুন।
৩. ওয়ারিং শেষে কাভারটি ইউনিটের সাথে লাগিয়ে দিন।




আউটডোর ইউনিট ও ইনডোর ইউনিট এর নিচে ইনস্টলেশনের ক্ষেত্রে

১. পাইপ, ড্রেইন হোজ এবং সংযুক্ত তার নিচ থেকে শীর্ষ পর্যন্ত টেপ দিয়ে জড়িয়ে দিন।
২. টেপ জড়ানো পাইপগুলো ক্লাম্প বা এইরূপ কিছু দিয়ে বাহিরের দেয়ালে লাগিয়ে দিন।

আউটডোর ইউনিট ও ইনডোর ইউনিট-এর উপরের ইনস্টলেশনের ক্ষেত্রে


১. পাইপ এবং সংযুক্ত তার নিচ থেকে শীর্ষ পর্যন্ত টেপ দিয়ে জড়িয়ে দিন।
২. বাইরের ওয়াল বরাবর টেপিং করা পাইপগুলো প্রদর্শিত চিত্র অনুসারে গঠন করুন এবং রুমের ভেতর পানি প্রবেশরোধী ট্র্যাপ তৈরি করুন।
৩. টেপ জড়ানো পাইপগুলো ক্লাম্প বা এইরূপ কিছু দিয়ে বাহিরের দেয়ালে লাগিয়ে দিন।



আউটডোর ইউনিট স্থাপন

পাইপিং-এর সংযোগ

১. প্রয়োজন অনুযায়ী পাইপ গঠন করুন।
২. একই পাইপের সংযোগ তিন বারের বেশি বাঁকানো এবং পিছনে বাঁকানো থেকে বিরত থাকুন, এর ফলে পাইপ ভেঙ্গে যেতে পারে।
৩. সার্ভিস ভাল্ব-এর সাথে পাইপ সংযুক্ত করুন, যেটা আউটডোর ইউনিটের নিচের দিকে আছে।
৪. পাইপের সংযোগ শেষে, ইনডোর এবং আউটডোর-এর সংযোগে কোথাও গ্যাস লিকেজ আছে কিনা চেক করে নিশ্চিত হোন।



ভ্যাকুইয়ামিং

- পাইপের সংযোগ দেয়ার পরে, সংযুক্ত পাইপ এবং ইনডোর ইউনিটে ভ্যাকুইয়াম ড্রাইং সম্পন্ন করুন। ভ্যাকুইয়াম ড্রাইং অবশ্যই লিকুইড এবং গ্যাস সাইড ভ্যাল্বের সার্ভিস পোর্ট ব্যবহার করে করতে হবে।
- সাবধানতা:
দুটি রেঞ্জ ব্যবহার করুন এবং রেঞ্জলার নির্দিষ্ট টর্কে আটকান।

ফ্লোর নাট লাগানোর টর্ক	
Ø 9.52 মিলিমিটার	18 ± 2 N-m
Ø 12.00 মিলিমিটার	22 ± 2 N-m
Ø 15.88 মিলিমিটার	37 ± 2 N-m
Ø 19.00 মিলিমিটার	52 ± 2 N-m

বিদ্যুৎ সংযোগ

এসি ইনস্টল করার সময় অবশ্যই নিশ্চিত করতে হবে যে সঠিক মাপের ক্যাবল এবং সার্কিট ব্রেকার ব্যবহার করা হচ্ছে। নন-ইনভার্টার এসির জন্য 4*2.5 RM Cable ও Type C 16A রেটিং এর সার্কিট ব্রেকার এবং ইনভার্টার এসির জন্য 3*6.0 RM Cable ও Type C 40A রেটিং এর সার্কিট ব্রেকার ব্যবহার করতে হবে।

নোট:

- কখনোই মেইন পাওয়ার সাপ্লাই জোড়া দিয়ে সংযোগ দিবেন না। যদি ক্যাবলের দৈর্ঘ্য যথেষ্ট না হয়, তাহলে উৎপাদনকারী/অনুমোদিত সার্ভিস এজেন্টের সাথে যোগাযোগ করুন। দুর্বল সংযোগ থেকে ইলেকট্রিক শক অথবা অগ্নিকাণ্ড হতে পারে।
- নন-ইনভার্টার (Three Phase) এসির ক্ষেত্রে রেটেড ভল্টেজ হচ্ছে Three Phase ৩৮০ ভোল্ট এ.সি. ৫০ হার্জ।
- নন-ইনভার্টার (Single Phase) এসির ক্ষেত্রে রেটেড ভল্টেজ হচ্ছে Single Phase ২৩০ ভোল্ট এ.সি. ৫০ হার্জ।
- ইনভার্টার এসির ক্ষেত্রে রেটেড ভল্টেজ হচ্ছে Single Phase ২৩০ ভোল্ট এ.সি. ৫০ হার্জ।
- ভালো ফলাফলের জন্য এসি ইনস্টল করার পূর্বে এটা নিশ্চিত করতে হবে যেন সাপ্লাই ভোল্টেজ রেটেড ভোল্টেজের ১০% রেঞ্জের মধ্যে থাকে।
- ইনডোর এবং আউটডোরের মধ্যে ক্যাবল কানেকশন দেয়ার সময় অবশ্যই ইউনিটে লাগানো Wiring Diagram লক্ষ্য করে কানেকশন দিতে হবে।
- এসির বিদ্যুৎ সংযোগের জন্য ভালো মানের সকেট ব্যবহার করতে হবে।
- ইনডোর এবং আউটডোর ইউনিটের মধ্যে কমিউনিকেশনের জন্য 2*0.5 RM শিল্ডেড ক্যাবল ব্যবহার করতে হবে।

ইনস্টলেশন

ইনস্টলেশনের পূর্বে নিম্নলিখিত সতর্কতা ও সাবধানতা ভালোভাবে পড়ুন এবং ইনস্টলেশনের সময় তা যথাযথভাবে মেনে চলুন। অসতর্কতামূলক ইনস্টলেশন হতাহত, বৈদ্যুতিক শক, পানি পড়া এবং নিম্ন কর্মদক্ষতার কারণ হতে পারে।

সতর্কতা ও সাবধানতা

১. আপনার যদি এসি ইনস্টলেশনের দক্ষতা না থাকে সেক্ষেত্রে অবশ্যই প্রস্তুতকারক নির্ধারিত বা অনুমোদিত এজেন্ট অথবা দক্ষ লোক দ্বারা ইনস্টলেশন সম্পন্ন করতে হবে।
২. স্থানটি ইউনিটটি ধরে রাখার জন্য যথেষ্ট মজবুত হতে হবে অন্যথায় ইউনিটটি পড়ে গিয়ে মারাত্মক দুর্ঘটনা ঘটতে পারে।
৩. ইউনিটের সকল ধরনের ইলেকট্রিক্যাল সংযোগ অবশ্যই ইউনিটটির ওয়ারিং ডায়াগ্রাম অনুযায়ী করাতে হবে। বিদ্যুৎ সংযোগের জন্য অবশ্যই শুধুমাত্র নির্দেশিত মাপের তার ব্যবহার করতে হবে। অন্যথায় বৈদ্যুতিক শক বা শর্ট সার্কিট হয়ে আশুনের সূত্রপাত ঘটতে পারে।
৪. বৈদ্যুতিক সংযোগ সম্পন্ন করার পরে সংযোগের স্থানটিতে অবশ্যই কভার লাগিয়ে দিতে হবে। সংযোগটি উন্মুক্ত থাকলে ধুলোবালি, পানি জমে বৈদ্যুতিক শক বা শর্ট সার্কিট হয়ে আশুনের সূত্রপাত ঘটতে পারে।
৫. ইনস্টলেশনের সময় অবশ্যই প্রস্তুতকারক নির্দেশিত যন্ত্রপাতি ও উপকরণের ব্যবহার করতে হবে। ত্রুটিপূর্ণ যন্ত্রপাতি ও উপকরণের ব্যবহার হতাহতের কারণ, পানি পড়া, বৈদ্যুতিক শক এমনকি ইউনিট পড়ে যাওয়ার কারণ হতে পারে।
৬. ইনস্টলেশনের পর গ্যাস লিক হয় কিনা চেক করুন। যদি গ্যাস লিক হয়ে ইউনিটের আশেপাশে জমা হয় তাহলে বিস্ফোরণ ঘটতে পারে।
৭. সিলিন্ডার বা পাইপ লাইন থেকে দাহ্য গ্যাস বের হতে পারে এমন কোনো জায়গায় ইউনিট স্থাপন থেকে বিরত থাকতে হবে।
৮. ইউনিটের আর্থিং যথাযথভাবে করতে হবে।
৯. পানি নিষ্কাশনের লাইন সঠিকভাবে লাগাতে হবে অন্যথায় পানি লিক হয়ে আসবাবপত্র নষ্ট করতে পারে।

প্রয়োজনীয় পার্টস

১. ইনডোর ও আউটডোর মধ্যবর্তী সংযোগের তার (4x2.5RM / 3x6.0RM)
২. ১৬/৪০ অ্যাম্পিয়ার রেটিং সার্কিট ব্রেকার।
৩. অ্যাংকর বোল্ট ৪টি।
৪. হ্যাঙ্গিং বোল্ট ৪টি (W 3/8 অথবা M10, দৈর্ঘ্য 650 mm বা প্রয়োজন মতো)
৫. অভিরিঞ্জ ডেইন হোজ নমনীয় পিভিসি পাইপ ১ ইঞ্চি ব্যাস।
৬. ১২টি M10 নাট।
৭. ৮টি পেইন ওয়াসার M10
৮. ৪টি স্প্রিং ওয়াসার M10
৯. এডিসিভ টেপ।
১০. পাইপ ক্লাম্প।

প্রয়োজনীয় যন্ত্রপাতি

১. মাল্টিমিটার।
২. লেভেল।
৩. স্ক্রু ড্রাইভার।
৪. ইলেক্ট্রিক ডিল।
৫. হোল কোর ডিল (ব্যাস ৭০ মিলিমিটার)।
৬. ফ্লোরিং করার যন্ত্র।
৭. টর্ক রেঞ্জ।
৮. হেক্সাগোনাল রেঞ্জ (৪ মিলিমিটার, ৫ মিলিমিটার)।
৯. হ্যামার।
১০. গ্যাস-লিক ডিটেক্টর।
১১. হ্যান্ডসো। ১২. ছুড়ি। ১৩. রেফ্রিজারেন্ট ওয়েল।

রিমোটের কার্যপদ্ধতি

রিমোটের ব্যবহার সংক্রান্ত সতর্কতা


১. সূক্ষ্ম/ধারালো বস্তু যেমন: কলম, পেন্সিল দিয়ে বাটন প্রেস করবেন না। এতে বাটন ক্ষতির সম্মুখীন হতে পারে।
২. রিমোট কন্ট্রলের ভেতর কোনো তরল পদার্থ যেতে দিবেন না। এতে রিমোটের বৈদ্যুতিক সার্কিট নষ্ট হয়ে যেতে পারে।
৩. সূর্যের আলো অথবা তাপ উৎস থেকে রিমোট কন্ট্রোল সব সময় দূরে রাখুন। এতে রিমোটের স্থায়িত্ব কমে যেতে পারে।
৪. দীর্ঘ সময় রিমোট কন্ট্রোল ব্যবহার না করার ক্ষেত্রে ব্যাটারি খুলে রাখুন। এতে ব্যাটারি এবং রিমোট কন্ট্রোল সুরক্ষিত থাকবে।
৫. ব্যাটারির মেয়াদ শেষ হয়ে গেলে সম্পূর্ণ নতুন ব্যাটারি দ্বারা রিপ্লেস করুন।
৬. রিমোট Display তে কোন প্রকার চাপ দেওয়া, আঘাত করা যাবে না।

ব্যাটারি স্থাপন

১. রিমোট কন্ট্রোল ব্যবহারের পূর্বে ব্যাটারি স্থাপন করতে হবে।
২. ব্যাটারি বক্সের কাভারটি খুলুন।
৩. দুইটা AAA (1.5V) টাইপ ব্যাটারি প্রবেশ করান। ব্যাটারির '+' এবং '-' সঠিকভাবে স্থাপিত হয়েছে কিনা সেটা নিশ্চিত করুন। কখনোই Rechargeable ব্যাটারি ব্যবহার করবেন না।
৪. ব্যাটারি বক্সের কাভার বন্ধ করুন।

অপারেশনের পূর্বে সতর্কতা

১. রিমোট কন্ট্রোলকে অবশ্যই এসির রিসিভার/ডিসপ্লের দিকে তাক করে ধরতে হবে।
২. রিসিভার/ডিসপ্লে এবং রিমোট কন্ট্রলের মধ্যবর্তী দূরত্ব ৮ মিটার বা তার কম হতে হবে।
৩. রিসিভার/ডিসপ্লে এবং রিমোট কন্ট্রলের মধ্যে কোনো বাধা থাকা যাবে না।
৪. রিমোট কন্ট্রোল হাত থেকে ফেলে দিবেন না অথবা নিক্ষেপ করবেন না।
৫. এসি চালানোর সময় দরজা এবং জানালা বন্ধ করে রাখুন।



বিঃ দ্রঃ বিভিন্ন মডেলের জন্য সকল আইকন উন্মুক্ত নয়।

1	Auto
2	Turbo
3	Timer
4	Wi-Fi
5	My Mode
6	Temperature or Time
7	Fan Speed
8	Display
9	Lock
10	Silent
11	Sleep
12	Electrical Heating
13	ECO
14	Third Eye
15	Left/Right Swing
16	Up/Down Swing
17	Room Temperature
18	Signal
19	Frost Clean
20	Health
21	Cool Mode
22	Dry Mode
23	Fan Mode
24	Heat Mode

রিমোটের কার্যপদ্ধতি



: এসি On/Off করার জন্য এই বাটনটি ব্যবহার করুন।



: তাপমাত্রা সমন্বয়ের জন্য এই বাটনটি ব্যবহার করুন। তাপমাত্রার বিস্তার ১৬-৩১ ডিগ্রি সেলসিয়াস।



: এই বাটন ব্যবহার করে আপনি প্রয়োজনীয় মোড বাছাই করুন। কুল, ড্রাই, ফ্যান এই তিন ধরনের মোড এর মধ্যে আপনি যেকোনো একটি বাছাই করতে পারবেন।



: এই বাটন ব্যবহার করে আপনি Sleep মোড On/Off করতে পারবেন। কুল মোড-এ আপনি এই ফাংশন ব্যবহার করতে পারবেন। এসি ৮ ঘণ্টা চলার পর নরমাল অপারেশন এ চলতে থাকবে।



: এই বাটন ব্যবহার করে আপনি প্রয়োজন অনুযায়ী ফ্যানের স্পিড Low/Medium/High/Auto সিলেক্ট করতে পারবেন।



: লুভারের উপর-নিচ Movement এর জন্য এই বাটন ব্যবহার করুন।



: ঘড়ি এবং টাইমার নির্ধারণ করতে এই বাটন ব্যবহার করুন।



: UV Care চালু/বন্ধ করার জন্য এই বাটন ব্যবহার করুন।



: ECO Mode চালু/বন্ধ করার জন্য এই বাটন ব্যবহার করুন।











: Turbo Mode চালু/বন্ধ করার জন্য এই বাটন ব্যবহার করুন।





: মাইমোড **M** বাটন ৩ সেকেন্ড চেপে ধরে রেখে আপনার পছন্দের অপশন সেভ করে রাখতে পারবেন। এরপর এই বাটন প্রেস করে সরাসরি আপনার পছন্দের অপশনে যেতে পারবেন। তারপর আবার ৩ সেকেন্ড চেপে ধরলে পূর্বের অপশন ডিলিট হয়ে নতুন অপশন সেভ হবে। (শুধুমাত্র ইনভার্টার এসির ক্ষেত্রে প্রযোজ্য)






রিমোটের কার্যপদ্ধতি

ঠান্ডাকরণ (COOL MODE)

- বিদ্যুৎ সংযোগ দিন এবং এই  বাটনটি চাপুন এসি চালু করার জন্য।
-  বাটন চাপুন ঠান্ডাকরণ প্রক্রিয়ার জন্য যতক্ষণ না রিমোটের ডিসপ্লেতে  প্রদর্শন করে।
-  চাপুন তাপমাত্রা সমন্বয়ের জন্য।
-  বাটন চাপুন ফ্যান Speed নির্বাচনের জন্য।
-  বাটন চাপুন বায়ু প্রবাহের দিক নির্বাচনের জন্য।
- ৭০%, ৫০%, ৩০% বিদ্যুৎ সশ্রয়ী মোড চালু/বন্ধ করার জন্য  বাটন চাপুন।
-  বাটন চাপুন সর্বোচ্চ ঠান্ডাকরণ প্রক্রিয়া চালু/বন্ধ করার জন্য।

নোট :  চালু থাকলে  কাজ করবে না।





বায়ু সঞ্চালন পদ্ধতি (FAN MODE)

- বিদ্যুৎ সংযোগ দিন এবং এই  বাটনটি চাপুন এসি চালু করার জন্য।
-  বাটন চাপুন ঠান্ডাকরণ প্রক্রিয়ার জন্য যতক্ষণ না রিমোটের ডিসপ্লেতে  প্রদর্শন করে।
-  বাটন চাপুন ফ্যান Speed নির্বাচনের জন্য।
-  বাটন চাপুন বায়ু প্রবাহের দিক নির্বাচনের জন্য।
- Fan Mode-এ তাপমাত্রা পূর্বের মোডে সেট করা তাপমাত্রায় ফিল্টারড হয়ে যায়, সমন্বয় করা যায় না।









১৩

রিমোটের কার্যপদ্ধতি



শুক্করণ পদ্ধতি (DRY MODE)

- বিদ্যুৎ সংযোগ দিন এবং যন্ত্রটি চালু করতে  বাটন চাপুন।
-  বাটন চাপুন শুক্করণ পদ্ধতি বাছাই করার জন্য যতক্ষণ না রিমোটের ডিসপ্লেতে  প্রদর্শন করে।
-  বাটন চাপুন বায়ু প্রবাহের দিক নির্বাচনের জন্য।
- DRY MODE-এ রিমোটের ডিসপ্লেতে কোনো তাপমাত্রা দেখা যায় না।
- DRY MODE-এ ফ্যান Speed সমন্বয় করা যায় না, সর্বদা Low থাকে।

টাইমার নির্ধারণ (TIMER ON/OFF)

- টাইমার অফ: এসি ON থাকা অবস্থায়  বাটন চাপুন। ডিসপ্লেতে  প্রদর্শন করবে। প্রয়োজন অনুযায়ী  বাটন ব্যবহার করে টাইম সেট করুন এবং অপেক্ষা করুন। টাইমার OFF করার জন্য পুনরায়  বাটন দুইবার চাপুন।
- টাইমার অন: এসি OFF থাকা অবস্থায়  বাটন চাপুন। ডিসপ্লেতে  প্রদর্শন করবে। প্রয়োজন অনুযায়ী  বাটন ব্যবহার করে টাইম সেট করুন এবং অপেক্ষা করুন। টাইমার বাদ দেওয়ার জন্য পুনরায়  বাটন দুইবার চাপুন।

লুভার কার্যক্রম

- আনুভূমিক লুভার দ্বারা উল্লম্ব দিকের বায়ুপ্রবাহ সমন্বিত হয়। সমন্বয়ের জন্য  বাটন চাপুন। লুভার চলার সময় যদি নির্দিষ্ট দিকে বায়ু সঞ্চালন করতে চান তাহলে  বাটন আবার চাপুন। এই অবস্থায় লুভার নির্দিষ্ট স্থানে স্থির হয়ে যাবে এবং বায়ু প্রবাহের দিক ফিল্টারড হয়ে যাবে।

রিমোটের কার্যপদ্ধতি

স্লিপ ফাংশন

১. স্লিপ ফাংশন শুধুমাত্র ঠান্ডাকরণ পদ্ধতিতে কাজ করে।
২. **Z^z** বাটন চাপুন স্লিপ ফাংশন চালু করার জন্য।
৩. এসির ডিসপ্লেতে SLEEP LED জ্বলবে।
৪. ৮ ঘণ্টা পর এটি স্বয়ংক্রিয়ভাবে অফ হয়ে যাবে।


UV কেয়ার ফাংশন (শুধুমাত্র কাস্টম মডেলের জন্য)

আল্ট্রাভায়োলেট রশ্মির মাধ্যমে স্বাস্থ্যের জন্য ক্ষতিকারক বায়ুবাহিত দূষণকারী অণুবীক্ষণিক অণুজীব যেমন- ভাইরাস, ব্যাকটেরিয়া ও অন্যান্য অণুজীবকে নিষ্ক্রিয় করে স্বাস্থ্যকর বায়ু সরবরাহ করে।

১. UV কেয়ার ফাংশন চালু করার জন্য **Health** বাটন একবার চাপুন।
২. UV কেয়ার ফাংশন বন্ধ করার জন্য **Health** বাটনটি পুনরায় চাপুন।

ইমারজেন্সি অপারেশন

ইমারজেন্সি সুইচ ব্যবহার করে এটি অন/অফ করা যায়। কুল মুডে এটি 24°C এবং অটো ফ্যান স্পিডে চলবে। ইমারজেন্সি সুইচ ব্যবহার করলে পূর্বে সেট করা টাইমার এবং স্লিপ ফাংশন বন্ধ হয়ে যাবে।




Cool Mode

রিমোটের কার্যপদ্ধতি

ডিসপ্লে নির্দেশনা

১. লাল LED; স্লিপ ফাংশন ON করলে জ্বলবে।
২. হলুদ LED; টাইমার ফাংশন ON করলে জ্বলবে।
৩. সবুজ LED; এটি ON থাকলে জ্বলবে।



সমস্যা	LED নির্দেশনা
ড্রেইন পাম্প/ফ্লোট সুইচ এরর	হলুদ LED কিছুক্ষণ বিরতি দিয়ে ৮ বার অনবরত ব্লিঙ্ক করবে।
ইনডোর-আউটডোর কমিউনিকেশন এরর	হলুদ LED কিছুক্ষণ বিরতি দিয়ে ৯ বার অনবরত ব্লিঙ্ক করবে।
হাই-প্রেসার প্রোটেকশন	লাল LED কিছুক্ষণ বিরতি দিয়ে ১৪ বার অনবরত ব্লিঙ্ক করবে।
হাই-ডিসচার্জ টেম্পারেচার প্রোটেকশন	লাল LED কিছুক্ষণ বিরতি দিয়ে ৮ বার অনবরত ব্লিঙ্ক করবে।

টেস্ট পরিচালনায় পূর্ব সতর্কতা

১. প্রারম্ভিক পাওয়ার সাপ্লাই অবশ্যই রেটেড ভোল্টেজের কমপক্ষে ৯০ ভাগ প্রদান করতে হবে।
২. টেস্ট পরিচালনার জন্য কুলিং অপারেশন করুন যদি শীতকালও হয়।
৩. ফেল করা ছাড়া পাঁচবারের বেশি টেস্ট পরিচালনা করুন। (টেস্ট পরিচালনা ১৮ মিনিট পর স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে)
৪. টেস্ট পরিচালনা বন্ধ করতে যেকোনো বাটন চাপুন।

পরীক্ষারকরণ এবং সাবধানতা

এসির ভালো পারফরমেন্স পেতে এবং এসির কার্যক্ষমতা দীর্ঘমেয়াদী করতে এয়ার ফিল্টার প্রতি দুই সপ্তাহে একবার অবশ্যই পরিষ্কার করতে হবে। এসি দীর্ঘদিন বন্ধ থাকলে, এটি পুনরায় চালুর পূর্বে অবশ্যই ফ্রন্ট প্যানেল ও এয়ার ফিল্টার পরিষ্কার করে নিতে হবে। দীর্ঘদিন এসির এয়ার ফিল্টার পরিষ্কার না করলে এটি ধূলা জমে ব্লক হয়ে যেতে পারে, এতে এসির কার্যক্ষমতা অনেক কমে যেতে পারে এবং এসির লাইফ কমে যেতে পারে।


প্রারম্ভিক সাবধানতা

পাওয়ার সুইচ বন্ধ করণ এবং এয়ারকন্ডিশনার পরিষ্কারের পূর্বে পাওয়ার প্লাগ খুলে রাখুন অন্যথায় এটা বৈদ্যুতিক শক এর কারণ হতে পারে। কখনোই এয়ারকন্ডিশনারকে পানি বা অন্য কোনো তরল পদার্থ দ্বারা ভেজাবেন না, এতে শর্ট সার্কিট হতে পারে।


পরীক্ষারকরণের ধাপসমূহ

১. ফ্রন্ট প্যানেল খুলে ফেলা:


ফ্রন্ট প্যানেলের দুই দিকে স্ক্রট দুইটি চেপে ধরে ফ্রন্ট প্যানেল খুলতে হবে।



২. ফিল্টার নেট খোলা: এয়ার ফিল্টার নেটটি চারটি লক দিয়ে আটকানো। লক থেকে ফিল্টার নেটটি টেনে খুলুন।




৩. এয়ার ফিল্টার নেট পরিষ্কারকরণ: ভ্যাকুয়াম ক্লিনার দিয়ে ধুলো পরিষ্কার করণ এবং ডিটারজেন্ট/সাবান পানি দ্বারা ধুয়ে ফেলুন এবং শুকাতে দিন। (বিঃ দ্রঃ ৬০° সেলসিয়াস অধিক তাপমাত্রার পানি দিয়ে পরিষ্কার করা নিষেধ)। যদি এয়ারকন্ডিশনারের চারপাশে ধুলো বেশি থাকে তাহলে এয়ার ফিল্টার নেটটি মাসে একাধিকবার পরিষ্কার করা উচিত।
সতর্কীকরণ: আঙুলে শুকাবেন না, ফিল্টার পুড়ে যেতে পারে। নিয়মিত এয়ার ফিল্টার নেট পরিষ্কার করণ। ধুলো ও ময়লাযুক্ত এয়ার ফিল্টার নেট এসির কার্যকারিতা কমিয়ে দিতে পারে।




পরীক্ষারকরণ এবং সাবধানতা

পরীক্ষারকরণের ধাপসমূহ

৪. এয়ার ফিল্টার পুনরায় লাগানো: পরিষ্কার করার পর ফ্রন্ট নেট কাভারের চারটি লকারের সাথে এয়ার ফিল্টারটি পুনরায় লাগিয়ে দিন।



৫. ফ্রন্ট নেট কাভার বন্ধ করা: ফ্রন্ট লক দুটি প্রেস করে নেট কাভারটি ইউনিট এর সাথে লাগিয়ে দিন।



৬. ইভাপরেটর এবং কনডেনসার কয়েল পরিষ্কারকরণ: ইনডোর ইউনিটের ইভাপরেটর কয়েল এবং আউটডোর ইউনিটের কনডেনসার কয়েল বছরে অন্তত একবার অনুমোদিত সার্ভিস এজেন্ট দ্বারা পরিষ্কার করণ।

এসি দীর্ঘদিন বন্ধের পূর্বে করণীয়

- ইউনিটের ভেতর শুকানোর জন্য ইউনিটকে কমপক্ষে চার ঘণ্টা ফ্যান মোডে চালু রাখুন। বিদ্যুৎ উৎসের ব্রেকার/সুইচটিকে বন্ধ করণ। কারণ এয়ারকন্ডিশনার বন্ধ থাকারসময়ও এটি বিদ্যুৎ খরচ করতে পারে।




- ইনডোর ইউনিট, আউটডোর ইউনিট পরিষ্কার করণ। দীর্ঘদিন বন্ধ থাকারসময় আউটডোর ইউনিটটি যাতে ময়লা ও ধুলো দ্বারা ক্ষতিগ্রস্ত না হয় তাই কোনো কাভার (যেমন- পলিথিন বা কাপড়) দিয়ে ঢেকে দিন।





এসি দীর্ঘদিন বন্ধ রাখার পর চালুর পূর্বে করণীয়

- দেখুন ইনডোর এবং আউটডোর ইউনিটে বাতাস প্রবেশ এবং বের হওয়ার পথে যেনো প্রতিবন্ধকতা না থাকে। কারণ তা ইউনিটের কর্মদক্ষতা কমায়।



নিম্নোক্ত বিষয়গুলো ত্রুটি নয়

<p>পানি প্রবাহের শব্দ শোনা যাচ্ছে</p> 	<p>যখন এয়ারকন্ডিশনারটি চালু হয়, অপারেশনের সময় কম্প্রসার চালু বা বন্ধ হয় অথবা এয়ারকন্ডিশনার বন্ধ হয় তখন মাঝে মাঝে শব্দ হয়। এটি ত্রুটি নয়, রেফ্রিজারেন্ট প্রবাহের শব্দ।</p>
<p>এসি চলার সময়, ইনডোর ইউনিট থেকে সাদা ধোঁয়া বের হচ্ছে। কুল অথবা ড্রাই মোডে চলার সময় ইনডোর ইউনিট থেকে কুয়াশা বের হতে দেখা যায়।</p>	 <p>আসলে হঠাৎ শীতলায়িত হওয়া ইনডোরের বাতাস ইউনিট থেকে কুয়াশা হয়ে বের হয়।</p>
<p>কুলিং-এর সময় স্বয়ংক্রিয়ভাবে ফ্যান মোডে চলে যাওয়া।</p>	<p>ইভাপরেটরে বরফ জমা রোধে, এসি মাঝে মাঝে ফ্যান মোডে চলে যায়। কিন্তু এটা খুব তাড়াতাড়ি কুলিং মোডে ফিরে আসে।</p>
<p>এসি বন্ধ করার পর তাৎক্ষণিকভাবে চালু করা যাচ্ছে না। এসি চালু হচ্ছে না?</p>	<p>এটা সিস্টেমের সেলফ প্রোটেকশন ফাংশনের কারণে ঘটে। সুতরাং এসি বন্ধ করার তিন মিনিটের মধ্যে পুনরায় চালু করা যাবে না।</p>

মেরামতের পূর্বে করণীয়

মেরামত করার জন্য সার্ভিস এজেন্টকে ডাকার পূর্বে আপনি নিম্নোক্ত বিষয়গুলি চেক করুন। তারপরেও যদি আপনি সমস্যা সনাক্ত ও সমাধান করতে না পারেন তখন মেরামতের জন্য অনুমোদিত সার্ভিস এজেন্টের সাথে যোগাযোগ করুন।

ঘটনা	কারণ
এসি অফ	<ul style="list-style-type: none"> ● ফিউজ কি পুড়ে গেছে? ● সার্কিট ব্রেকার কি অফ রয়েছে? ● পাওয়ার সুইচ কি অফ আছে? ● পূর্বে টাইমার চালু করা ছিল কি না? ● ক্যাবল কানেকশন ঠিক আছে কি না? ● সিস্টেম ভোল্টেজ ঠিক আছে কি না?
অনাকাঙ্ক্ষিত ঠান্ডা অথবা গরম হওয়া	<ul style="list-style-type: none"> ● Air Filter নোংরা হয়েছে কি না? ● সঠিকভাবে তাপমাত্রা নির্বাচন করা হয়েছে কি না? ● ভেতরের যন্ত্রের Air Inlet অথবা Outlet বাধাগ্রস্ত হয়ে আছে কি না? ● রুমের কোনো হিট/কুলিং সোর্স আছে কি না?
ঘরের মধ্যে অস্বাভাবিক গন্ধ	<ul style="list-style-type: none"> ● ভালো করে দেখুন দেয়াল, আসবাবপত্র, কাপড় চোপড় অথবা অন্য কোনো উৎস থেকে দুর্গন্ধ নির্গমন হচ্ছে কি না?
এসি চলার সময় হালকা শব্দ শোনা যায় (এটা সাধারণ ঘটনা)	<ul style="list-style-type: none"> ● Refrigerant প্রবাহের শব্দ। ● ইনডোর ব্লোয়ার ঘূর্ণনের শব্দ। ● পানি ড্রেন হোস পাইপ দিয়ে পড়ার শব্দ। <p>এগুলো স্বাভাবিক ঘটনা।</p>

মেরামতের পূর্বে করণীয়

ঘটনা	কারণ
রিমোট কন্ট্রোল দিয়ে এসি কাজ করে না	<ul style="list-style-type: none"> ● রিমোটে ব্যাটারি স্থাপন করা হয়েছে কি না? ● রিসিভার এবং রিমোট কন্ট্রোলার দূরত্ব ঠিক আছে কি না? ● রিসিভার এবং রিমোট কন্ট্রোলার মধ্যে কোনো বাধা আছে কি না? ● রিসিভার এবং রিমোট কন্ট্রোলার মধ্যে কৌণিক দূরত্ব ঠিক আছে কি না? ● রিসিভার ঠিক আছে কি না? ● অন্য আলোর উৎস Interfere করছে কি না?
এসি চলার সাথে সাথে কম্প্রসার অন হয় না	<ul style="list-style-type: none"> ● এসি চালু অথবা Restart হলে কমপক্ষে ৩ মিনিট পরে কম্প্রসার অন হবে। এটা এক ধরনের সুরক্ষা, ৩ মিনিট অপেক্ষা করুন ঠিক হয়ে যাবে। যদি ঠিক না হয়, ডিসপ্লেতে লক্ষ্য করুন কোনো রকম কোড দেখাচ্ছে কি না? এমতাবস্থায় অনুমোদিত সার্ভিস সেন্টারে যোগাযোগ করুন। ● রুমের তাপমাত্রা সেট তাপমাত্রায় চলে আসলে কম্প্রসার অফ হয়ে যায়।
কুয়াশা সাদৃশ্য বাতাস বের হওয়া	<ul style="list-style-type: none"> ● কুলিং অপারেশনে রুমের তাপমাত্রা অনেক বেশি নিচে নেমে গেছে। ● কুলিং অপারেশনে ইভাপোরটরে বরফ জমে গেছে। এই অবস্থায় এসি কিছু সময় অফ করে পুনরায় চালু করুন। যদি একই সমস্যা আবারও হয় তাহলে অনুমোদিত সার্ভিস সেন্টারে যোগাযোগ করুন।

মেরামতের পূর্বে করণীয়

ঘটনা	কারণ
টাইমার সেট করার পরেও এসি অন/অফ হচ্ছে না	<ul style="list-style-type: none"> ● চেক করুন রিমোটে Clock বাটন আছে কি না? যদি থাকে তাহলে বাংলাদেশের সময় অনুযায়ী সঠিক সময় নির্ধারণ করুন। Timer যথাযথভাবে কাজ করবে।
রিমোটের ডিসপ্লে খুব হালকা/কিছুই দেখা যাচ্ছে না	<ul style="list-style-type: none"> ● ব্যাটারির মেয়াদ শেষ হয়েছে কি না?
এসির ডিসপ্লেতে কোনো LED ব্লিংক করছে/এসি অফ হয়ে আছে	<ul style="list-style-type: none"> ● এসির Main Supply অফ করে কিছু সময় পর পুনরায় অন করুন। এরপরেও যদি LED ব্লিংক করে/এসি কিছু সময় চলার পর অফ হয়ে যায় তাহলে বুঝতে হবে সিস্টেমে সমস্যা আছে। এমতাবস্থায় এসির পাওয়ার প্লাগ খুলে রাখুন এবং সার্ভিস এজেন্টের সহায়তা নিন।

নিষ্পত্তি

১. অব্যবহৃত এবং পুরোনো এয়ারকন্ডিশনার ইচ্ছামতো যেখানে সেখানে ফেলবেন না। এতে পরিবেশ দূষিত হবে।
২. অকার্যকর এবং পুরাতন এয়ারকন্ডিশনার পেশাদার কোনো ব্যক্তি বা কোম্পানি দ্বারা পূর্ণ ব্যবহার উপযোগী বা নষ্ট করে ফেলতে হবে।



নোট

